

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২৫

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২৪. কোনো কুরাইশী ব্যক্তিকে আটকাবস্থায় হত্যা করা হবে না

بَابِ لَا يُقْتَلُ قُرَشِيٌّ صَبْرًا

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ عَنْ زَكَرِيَّا عَنْ الشَّعْبِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُطِيعٍ عَنْ مُطِيعٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ يَوْمَ فَتْحِ مَكَّةَ لَا يُقْتَلُ قُرَشِيُّ صَبْرًا بَعْدَ هَذَا الْيَوْمِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

বাংলা

২৪২৫. মুতী (রাদ্যাল্লাহু আনহু)-হতে বর্ণিত, তিনি বলেছেন, আমি মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি: "আজকের দিনের পর কিয়ামত পর্যন্ত কুরাইশ বংশের কাউকে হত্যা করা হবে না।"[1]

ফুটনোট

[1] তাহকীকঃ: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, জিহাদ ১৭৮২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৭১৯, ৩৭২১ ও মুসনাদুল হুমাইদী নং ৫৭৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন